

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**
Date : 08-02-2025
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

ONGC Chief General Manager :

ভারতের বৃহত্তম তেল ও গ্যাস কোম্পানি ওএনজিসি রাজ্যে চার মিলিয়ন মেট্রিক স্ট্যান্ডার্ড কিউবিক মিটার গ্যাস উৎপন্ন করার লক্ষ্যমাত্রা নিয়েছে। ওএনজিসির চিফ জেনারেল ম্যানেজার রূপেশ কুমার শরণ জানান, বর্তমানে কোম্পানি ৩ দশমিক ৫ এমএমএসসিএমডি গ্যাস উৎপাদন করে। তিনি আরও জানান, ওএনজিসির উচ্চ সম্ভাবনাময় কৃপ রয়েছে। কিন্তু উৎপাদন বাড়তে গ্যাস সংগ্রহ কেন্দ্রের সঙ্গে সংযোগ করতে অসুবিধার সম্মুখিন হচ্ছে। শ্রী শরণ জানান, কুঞ্জবনে প্রতিরক্ষা এলাকা দিয়ে পাইপলাইন বিছানের জন্য রাজ্য সরকারের মাধ্যমে প্রতিরক্ষা মন্ত্রকের কাছে অনুমতি চাওয়া হয়েছিল। চলতি মাসেই এই অনুমোদন পাওয়া গেছে। এ অনুযায়ী কাজ শুরু হয়েছে। চিফ জেনারেল ম্যানেজার আরও জানান, ওএনজিসি পিএম ইন্টার্নশিপ স্কিমের মাধ্যমে যুবকদের প্রশিক্ষণ দিচ্ছে। এর অধীনে ত্রিপুরায় ৩০০ জনকে প্রশিক্ষণ দেওয়া হবে।

* * * * *

Cabinet-Skill India :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরহিত্যে অনুষ্ঠিত গতকাল কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে 'ফিল ইন্ডিয়া কর্মসূচি' "(এসআইপি) কে ২০২৬ সাল পর্যন্ত অব্যাহত রাখতে ও পুনর্গঠনের জন্য অনুমোদন দেওয়া হয়েছে। একইসাথে ২০২২-২৩ থেকে ২০২৫-

২৬ সময়কালের জন্য ৮,৮০০ কোটি টাকার বর্ধিত বরাদ্দ অনুমোদন দেওয়া হয়েছে।

এনিয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রী অধিনী বৈঞ্চে বলেছেন যে সরকারের লক্ষ্য চাহিদা-চালিত দক্ষতা উন্নয়ন কর্মসূচি এবং এক্ষেত্রে সমন্বয় এবং মান বৃদ্ধির উপর জোর দেওয়া হবে। তিনি বলেন, চাহিদা-চালিত, প্রযুক্তি-সম্মত এবং শিল্প-সংলগ্ন প্রশিক্ষণ কর্মসূচিকে সমন্বিত করে দক্ষ, ভবিষ্যতের জন্য প্রস্তুত কর্মীবাহিনী গড়ে তোলার জন্য সরকার অঙ্গীকারবদ্ধ।

উল্লেখ্য, প্রধানমন্ত্রী কৌশল বিকাশ যোজনা চতুর্থ পর্ব, প্রধানমন্ত্রী জাতীয় শিক্ষানবিশ প্রচার প্রকল্প এবং জনশিক্ষা সংস্থান প্রকল্পগুলোকে এখন সমন্বিত স্কিল ইন্ডিয়া প্রোগ্রামের আওতায় আনা হয়েছে। দক্ষতা উন্নয়ন ও শিল্পোদ্যোগ মন্ত্রকের তিনটি ক্ল্যাগশিপ প্রকল্পের আওতায় এখনও পর্যন্ত ২ কোটি ২৭ লক্ষেরও বেশি তরুণ-তরুণী দক্ষতা প্রশিক্ষণ পেয়েছেন।

শ্রী বৈঞ্চে আরো জানান, সরকার জাতীয় সাফাই কর্মচারী কমিশনের মেয়াদ তিনি বছরের জন্য, অর্থাৎ ২০২৪ সালের ৩১শে মার্চ পর্যন্ত বৃদ্ধির অনুমোদন দিয়েছে। মন্ত্রী বলেন, এটি সাফাই কর্মীদের আর্থ-সামাজিক উন্নয়ন, স্বাস্থ্যবিধি ক্ষেত্রে কাজের পরিবেশের উন্নতি এবং ঝুঁকি পূর্ণ পরিষ্কার-পরিষ্কারতার সময় প্রাণহানির ঘটনা শূন্যে নামিয়ে আনার লক্ষ্যে সহায়তা করবে।

* * * * *

Delhi Assembly :

আজ দিল্লি বিধানসভার ভোটের গণনা। রাজ্যের ১১ জেলায় ১৯টি কেন্দ্রে সকাল ৮টা থেকে গণনার কাজ শুরু হবে।

* * * * *

Postal service :

গ্রাহকদের অসুবিধা বৃক্ততে রাজ্যে এসেছেন শিলচর রেল মেইল সার্ভিস বিভাগের সিনিয়র সুপার আব্দুল জলিল। গতকাল আগরতলায় চিওরঞ্জনে পোষ্ট অফিস কার্যালয়ে শ্রী জলিল গ্রাহকদের সঙ্গে বৈঠক করেছেন। তিনি জানান, রাজ্যে প্রত্যেকদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত সব ধরনের ডাক সামগ্রীর পরিষেবা পাওয়া যায়। আগামী দিনগুলিতে গ্রাহকদের আরো উন্নত পরিষেবা দিতে চেষ্টা করছে ডাক বিভাগ।

* * * * *

NF Railway :

বহু প্রতিক্রিত ত্রিপুরায় বৈদ্যুতিক ট্রেন চালানোর উদ্যোগ শুরু করল এনএফ রেলওয়ে। উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে যত তাড়াতাড়ি সম্ভব দক্ষিণ আসাম এবং ত্রিপুরায় দীর্ঘ প্রত্যাশিত বৈদ্যুতিক ট্রেন চালানো শুরু করার জন্য সবরকম প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। উত্তর-পূর্ব সীমান্ত রেল রেলওয়ে স্টেশনের এক আধিকারিক জানিয়েছেন, গত ৬ই ফেব্রুয়ারী আগরতলা রেলওয়ে স্টেশন থেকে ১৫ কিলোমিটার দূরে উত্তরে দক্ষিণ আসামের বদরপুর স্টেশন এবং ত্রিপুরার জিরানিয়া স্টেশনের মধ্যে বৈদ্যুতিক লোকোমোটিভ সহ প্রথম মালবাহী ট্রেনের পরীক্ষামূলক যাত্রা সফলভাবে চালায়। সম্প্রতি দক্ষিণ আসাম ও ত্রিপুরায় বিদ্যুতায়নসহ প্রয়োজনীয় অবকাঠামোগত কাজ সম্পন্ন হয়েছে।

* * * * *

Rogi Kalyan Samity-Unakoti :

উনকোটি জেলা হাসপাতালের "রোগী কল্যাণ সমিতি"র এক বৈঠক গতকাল কৈলাশহরে ডি.এম কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। এতে পৌরোহিত্য করেন, উনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা। উপস্থিত ছিলেন, অতিরিক্ত জেলা শাসক

এল, দারলং, হাসপাতালের মেডিকেল সুপার ডাঃ রোহন পাল সহ
বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

* * * * *

Super League Football Tournament :

খেলাধুলা শারীরিক ও মানসিক বিকাশ ঘটায়। খেলাধুলা মেধার
বিকাশ ঘটিয়ে যুব সমাজকে নেশার কবল থেকে দূরে সরিয়ে
রাখে। গতকাল বিলোনীয়া বি কে আই মাঠে দক্ষিণ ত্রিপুরা সুপার
লিগ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল ম্যাচের প্রধান অতিথি প্রয়টিন
মন্ত্রী সুশান্ত চৌধুরী একথা বলেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক
স্মিতা মল, বিধায়ক অশোক মিত্র, স্বপ্না মজুমদার, দীপক্ষৰ সেন
প্রমুখ।

* * * * *

National Games :

উত্তরাখণ্ডে অনুষ্ঠিত ৩৮তম জাতীয় গেমসের এপর্যন্ত মোট
২৫১টি স্বর্ণপদকের ফয়সলা হয়েছে। এরমধ্যে ৩৭টি স্বর্ণপদক
নিয়ে সার্ভিসেস স্পোর্টস কন্ট্রোল বোর্ড তালিকার শীর্ষে রয়েছে।
৩০টি স্বর্ণপদক নিয়ে কর্ণাটক দ্বিতীয় স্থানে এবং ২৩টি স্বর্ণপদক
নিয়ে মহারাষ্ট্র তৃতীয় স্থানে রয়েছে।

এদিকে, পুরুষদের ফুটবলে ব্রোঞ্জ পদক পেয়েছে আসাম। তৃতীয়
স্থানের লড়াইয়ে আসাম হারিয়ে দেয় দিল্লিকে। আসরের
ফাইনালের লড়াইয়ে রয়েছে উত্তরাখণ্ড ও কেরালা। লন টেনিসে
দলগত মহিলা বিভাগে ওজরাট স্বর্ণপদক পেয়েছে। ফাইনালে
ওজরাট হারায় মহারাষ্ট্রকে। অপরদিকে পুরুষ বিভাগে কর্ণাটককে
ফাইনালে হারিয়ে তামিলনাড়ু স্বর্ণপদক ছিনিয়ে নেয়।

Women's Cricket :

টিসিএ পরিচালিত মহিলাদের আমন্ত্রণমূলক সিনিয়র ক্রিকেটের সীমিত ওভারের আসরে গতকাল তিনটি খেলা হয়। নরসিংগড়ের পিটিএ মাঠে ব্লাডমাউথ ক্লাব ১০ উইকেটে বিদ্যাসাগর কোচিং সেন্টারকে, এম বি বি স্টেডিয়ামে ইউনাইটেড ক্রেন্ডস ১০ উইকেটে কর্ণেল কোচিং সেন্টারকে এবং তালতলা মাঠে চাম্পামুড়া কোচিং সেন্টার ৯ উইকেটে এডি নগর কোচিং সেন্টারকে প্রার্জিত করে।

Weather :

আজ আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। দিনের তাপমাত্রা সর্বোচ্চ ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা পরিলক্ষিত হয়েছে ১০ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস।
